

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩

খোয়াই, ৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
খোয়াইয়ে ভোটকর্মীদের নিয়ে মহড়া অনুষ্ঠিত

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ খোয়াই মহকুমা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে নির্বাচনের দায়িত্ব প্রাপ্ত ভোটকর্মীদের নিয়ে খোয়াই সরকারি বালক দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এক মহড়া অনুষ্ঠিত হয়। সেকেন্ড পোলিং অফিসার, থার্ড পোলিং অফিসারদের নিয়ে অনুষ্ঠিত এই মহড়ায় ১২ জন মাস্টার ট্রেইনার কীভাবে ভোটদান পর্ব সম্পন্ন করতে হবে সে বিষয়ে পাওয়ারপ্রেন্ট প্রেজেন্টেশন ও ইভিএম মেশিনের মাধ্যমে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ডিসিএম দীপক্ষৰ সরকার সহ ১৮ জন সেক্টর অফিসার। মহড়ায় ২১৫ জন সেকেন্ড অফিসার, ২১৭ জন থার্ড পোলিং অফিসার অংশগ্রহণ করেন।
